

স্মারক-৬২০২(৬)  
৩০/০৮/২০২৪

স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন-২০১৭

(ধারা ৪ এর (১) নং উপধারা)

জেলা নির্বাহী অফিস, শার্শা, যশোর।  
এল এ কেস নং- ০৫/২০২৩-২০২৪

স্মারক নং-  
প্রাপ্তি নং-  
শ্রী কক্ষ নং-  
বিস্তারিত/অতিরিক্ত নং-  
বিস্তারিত  
প্রবেশন দিন  
সংস্থান  
অফিস সুপার/নাতির/অফিস সহকারী

স্বাক্ষর

“নোটিশ”

(৪-ধারার অধীনে)

প্রাপক,

০১. জেলা প্রশাসক যশোর মহোদয়ের নোটিশ বোর্ড।
০২. উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, যশোর এর নোটিশ বোর্ড।
০৩. সহকারী কমিশনার (ভূমি), শার্শা, যশোর এর নোটিশ বোর্ড।
০৪. সাব-রেজিস্টার, শার্শা, যশোর এর নোটিশ বোর্ড।
০৫. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ডিহি ইউনিয়ন ভূমি অফিস, শার্শা, যশোর এর নোটিশ বোর্ড।
০৬. জেলা- যশোর, উপজেলা- শার্শা, মৌজা- ০২ নং টেংরালী এর প্রকাশ্য স্থানে লটকায়ে জারির জন্য।

যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি যশোর জেলাধীন শার্শা উপজেলায় টেংরালী বিওপি নির্মাণ প্রকল্প এর জন্য জনপ্রয়োজন ও জনস্বার্থমূলক উদ্দেশ্যে প্রয়োজন, সেহেতু এক্ষণে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নম্বর আইন) এর ৪ ধারার অধীনে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নোটিশ জারি করা হইল যে, বর্ণিত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণের জন্য প্রস্তাব করা হইয়াছে।

উক্ত সম্পত্তিতে স্বার্থবান যে কোন ব্যক্তি এই নোটিশ জারির পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে, প্রস্তাবিত সম্পত্তির অধিগ্রহণের বিরুদ্ধে নিম্নস্বাক্ষরকারীর নিকট আপত্তি (যদি থাকে) দায়ের করিতে পারিবেন।

১৭.০১.২০২৪ খ্রি: তারিখে বা তারিখ হতে তফসিল বর্ণিত সম্পত্তির যৌথ তদন্ত হবে। যৌথ তদন্তকালে উক্ত সম্পত্তির মালিক বা স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিকে উপস্থিত থাকিবার জন্য অনুরোধ করা হইলো।

“তফসিল”


জেলা- যশোর, উপজেলা- শার্শা, মৌজা- টেংরালী, জে এল নং-০২।


খতিয়ান নং (আর এস)	দাগ নং (আর এস)	দাগের মোট জমির পরিমাণ (একর)	প্রস্তাবিত জমির পরিমাণ (একর)	জমির শ্রেণী	মন্তব্য
৪৭	৮৯৩	০.৯৭	০.১৬৩৫	ডাংগা	আংশিক
৮৫৬	৮৯৪	০.৬৩	০.০৮৮২	ডাংগা	আংশিক
৩৫৯,১২৪১,১২৪২	৮৯৫	০.২১	০.০৫৯৪	ডাংগা	আংশিক
৫১১,৩৫৯	৯১৭	০.০৫	০.০৩৫৮	ডাংগা	আংশিক
৩৫৯	৯১৮	০.০৬	০.০৪৩০	ডাংগা	আংশিক
৩৫৯	৯১৯	০.০৫	০.০৩৫২	ডাংগা	আংশিক
৩০৪,৮৪৪	৯২০	০.১৫	০.১৫০০	ডাংগা	পূর্ণ
৫০৭,১০০৯	৯২১	০.৪৭	০.০৮৭৭	ডাংগা	আংশিক
৫০৭	৯২২	০.৪৭	০.০৬৬১	ডাংগা	আংশিক
১/১,৩০৪,৮৪৪	৯২৩	০.৪৪	০.২৭১১	ডাংগা	আংশিক


প্রকল্পভুক্ত মোট জমির পরিমাণ ১.০০ একর।

অধিগ্রহণকৃত জমির ভূমি মালিক/স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিগণের জন্য জ্ঞাতব্য:

- ১। উল্লিখিত জমির বাস্তব অবস্থা, স্থাপনা, অবকাঠামো ইত্যাদির ভিডিও/ সরেজমিন তদন্ত করে মালিকানা/দখল ইত্যাদি তথ্য সম্বলিত যৌথ তদন্ত বহি প্রস্তুত করা হইবে। নির্ধারিত সময়ে উক্ত তদন্তকালে স্বয়ং বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি মারফত কাগজপত্র ও দলিলাদিসহ (সার্টিফাইড/মূলকপি) উপস্থিত থাকুন এবং সঠিক তথ্য প্রদান করুন।
- ২। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে যৌথ তদন্ত তালিকা প্রস্তুত পূর্বক উহা প্রস্তাবিত অধিগ্রহণ এলাকার সুবিধাজনক স্থানে এবং নিকটস্থ ভূমি অফিসে লটকাইয়া দেওয়া হইবে। উহা দেখিয়া আপনি আপত্তি দিতে পারিবেন। আপনার নামে রেকর্ড হালনাগাদ/নামজারী না হইয়া থাকিলে, অবিলম্বে হালকরণপূর্বক বকেয়া ভূমি উন্নয়ন কর পরিশোধ করিয়া দাখিলা/মওকুফ দাখিলা সংগ্রহ করুন। ইহা ক্ষতিপূরণ প্রাপ্তির স্বপক্ষে আপনার মালিকানা প্রমাণে সহায়ক হইবে।
- ৩। অবৈধভাবে লাভবান হওয়ার উদ্দেশ্যে জমির শ্রেণী পরিবর্তন, অবকাঠামো নির্মাণ করিবেন না। এরূপ পরিবর্তন বা অবকাঠামো পরিবর্তন লিপিবদ্ধ করা হইবে না এবং আপনি ইহার জন্য কোন ক্ষতিপূরণ প্রাপ্য হইবেন না।
- ৪। সকল ক্ষেত্রে নিজে বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে সরাসরি আবেদন করুন। ক্ষমতাপ্রদানের জন্য নির্ধারিত ফরম ব্যবহার করুন। অনলাইনে আবেদন, ফরম ও পদ্ধতি জানার জন্য এ কার্যালয়ের ওয়েব সাইট.....ভিজিট করুন।

  
(মো: জাহিদুল ইসলাম)  
সার্ভেয়ার  
জেলা প্রশাসকের কার্যালয়  
ভূমি অধিগ্রহণ শাখা, যশোর

  
(মোঃ আসকাম আলী)  
কানুনগো  
জেলা প্রশাসকের কার্যালয়  
ভূমি অধিগ্রহণ শাখা, যশোর

  
(মো: আবু নাছির)  
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা  
যশোর  
ফোন নং+৮৮০৪২৭৭৭৬২৪৮৩